

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪০৩

১১. কিতাবুয যাকাত (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ কেউ কারো জন্য ভালো কিছু করলে তার প্রশংসা করার নির্দেশ প্রসঙ্গে বর্ণনা

ذِكْرُ الزَّجْرِ عَنْ تَرْكِ ثَنَاءِ الْمَرْءِ عَلَى أَخِيهِ الْمُسْلِم إِذَا أَوْلَاهُ شَيْئًا مِنَ الْمَعْرُوفِ

আরবী

3403 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ زُهَيْرٍ أَبُو يَعْلَى بِالْأَبُلَّةِ قَالَ: حَدَّثَنَا سَلْمُ بْنُ جُنَادَةً قَالَ: حَدَّثَنَا سَلْمُ بْنُ جُنَادَةً قَالَ: حَدَّثَنَا سَلْمُ بْنُ جُنَادَةً قَالَ: حَدَّثَنَا سَلْمُ بْنُ جُنَاسٍ عَنِ الْأَعْمَشِ عَنْ أَبِي صَالِحٍ عَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ: عَنْ عُمَرَ بْنِ الْخُطَّابِ قَالَ: قُلْتُ لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنِّي رَأَيْتُ فُلَانًا يَدْعُو وَيَذْكُرُ خَيْرًا وَيَذْكُرُ أَنَّكَ أَعْطَيْتُهُ مَا بَيْنَ كَذَا إِلَى كذا فما أثنى ولا قَالَ: (لَكِنْ فُلَانُ أَعْطَيْتُهُ مَا بَيْنَ كَذَا إِلَى كذا فما أثنى ولا قال خيراً)

الراوي: عُمَر بْن الْخَطَّابِ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3403 ا خلاصة حكم المحدث: صحيح _ ((التعليق الرغيب)) (2/8 و 15).

বাংলা

৩৪০৩. উমার বিন খাত্তাব রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বললাম, "আমি এক ব্যক্তিকে দেখলাম, সে দুআ করছে এবং ভালো কথা বলছে। সে আরো বলছে যে, আপনি তাকে দুই দীনার প্রদান করেছেন।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "কিন্তু আমি তো ওমুক ব্যক্তিকে এই এই দিয়েছি। কিন্তু সে তার কোন প্রশংসা করলো না, ভালো কোন কিছুও বললো না!"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/৪; বাযযার: ৯২৫; হাকিম: ১/৪৬; আবূ ইয়ালা: ১৩২৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ শক্তিশালী বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী



রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ২/৮, ১৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ উমর ইবনুল খাত্তাব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন